-৯০

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Web site: www.explosives.gov.bd
e-mail: dhaka@explosives.gov.bd

স্মারক নম্বর: ১০১-২(ঙ)-০৩৯৬/ ৩৪৭৫ তারিখ: ২৬/০৫/২০২৫ খ্রি.

বিষয়: ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলাধীন বোয়ালী মৌজায় 'কেরাণীগঞ্জ স্যাটেলাইট এলপিজি প্ল্যান্ট' নামীয় লাইসেন্সবিহীন স্যাটেলাইট প্ল্যান্টে এলিপিজি সরবরাহ হতে বিরত থাকা প্রসঙ্গে।

সূত্র: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, অপারেশন-২ শাখা এর স্মারক নং ২৮.০০.০০০০.০০০.০২৭.৪৬.০০০২.১৮.৯৬; তারিখি: ১৮/০৫/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলাধীন বোয়ালী মৌজায় 'কেরাণীগঞ্জ স্যাটেলাইট এলপিজি প্ল্যান্ট' নামীয় প্ল্যান্টে লাইসেন্সবিহীন বেআইনীভাবে বিভিন্ন কোম্পানীর এলপিজি সিলিন্ডার রিফিলিং করা হচ্ছে। এ বিষয়ে দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় একটি প্রতিবেদন প্রকাশিত হয়। উক্ত প্রতিবেদনের প্রেক্ষিতে লাইসেন্সবিহীন অবৈধ প্ল্যান্টটি বন্ধকরণের নিমিত্তে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয় হতে পত্র প্রেরণ করা হয়। ইতোমধ্যে বিস্ফোরক পরিদপ্তর হতে প্ল্যান্টটি পরিদর্শন করা হয়েছে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেয়া হচ্ছে। **(কপি সংযুক্ত)**

এমতাবস্থায়, বিস্ফোরক পরিদপ্তরের লাইসেন্সবিহীন উক্ত 'কেরাণীগঞ্জ স্যাটেলাইট এলপিজি প্ল্যান্ট' নামীয় প্ল্যান্টে এলপিজি সরবরাহ হতে বিরত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

২৫.৫.২৫

(মুহাম্মদ মেহেদী ইসলাম খান)
সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা
ফোন: ২২২২২৫২৫৮

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

০২। সভাপতি, LOAB (LPG Operators Association of Bangladesh), বেভারলি হিলস (ফ্ল্যাট বি-৫), ৯৮/বি, গুলশান এভিনিউ, গুলশান, ঢাকা-১২১২ এর Association ভুক্ত সকল সদস্যদেরকে অবহিত করণের অনুরোধসহ।

০৩। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স প্রিমিয়ার এলপি গ্যাস লিমিটেড, প্রিমিয়ার এলপি গ্যাস লিমিটেড সেলিব্রেশন পয়েন্ট (৭মতলা), রোড ১১৩/এ, প্লট৩, গুলশান-২, ঢাকা।

০৪। ব্যবস্থাপনা পরিচালক, লাফ্স গ্যাস (বাংলাদেশ) লিমিটেড, ১০স্থায়ী পোর্ট, শিল্প এলাকা, মংলাপোর্ট, মংলা-৯৩৫১, বাগেরহাট।

০৫। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স যমুনা স্পেসটেক জয়েন্টভেঞ্চার লিমিটেড, বারিধারা সেন্ট্রাল প্লাজা (৩য়তলা), ৮৭, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।

০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওমেরা পেট্রোলিয়াম লিমিটেড, ওমেরা হাউজ, এসডব্লিউ (বি) ১৬,রোড# ৯,গুলশান-১, ঢাকা-১২১২।

০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, সুপার পেট্রোকেমিক্যাল (প্রাঃ) লিমিটেড, সুপারহাউজ, বাড়ীনং৫১, রোড নং ৪, ও.আর.নিজাম রোড আর./এ. চট্টগ্রাম।

CamScanner

০৮। ব্যবস্থাপনা পরিচালক, ইউনিভার্সেল গ্যাস এন্ড গ্যাস সিলিন্ডার লিমিটেড, হাউজ নং ৩৮, রোজভ্যালি, আ/এ, জাকির হোসেন রোড, খুলশি, চট্টগ্রাম।

০৯। ব্যবস্থাপনা পরিচালক, বিনহাবিব (বিডি) লিমিটেড, চরলক্ষ্যা, ইছানগর, থানা: কর্ণফুলী, জেলা: চট্টগ্রাম।

১০। ব্যবস্থাপনা পরিচালক, বিএম এনার্জি (বিডি) লিমিটেড,৯/১০, এফআইডিসি হেভী শিল্প এলাকা, কালুরঘাট, চট্টগ্রাম।

১১। ব্যবস্থাপনা পরিচালক, ওরিয়ন গ্যাস লিমিটেড, অরিয়ন হাউজ, ১৫৩-১৫৪, তেজগাঁওশি/এ, ঢাকা।

১২। ব্যবস্থাপনা পরিচালক, নাভানা এলপিজি লিমিটেড, ২১৪/ডি, তেজগাঁও, ই/এ, ঢাকা-১২০৮।

১৩। ব্যবস্থাপনা পরিচালক, এসকেএস এলপিজি প্ল্যান্ট, সেনা কল্যাণ সংস্থা, ১৯৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

১৪। ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা এলপিজি লিমিটেড, ৭/এ, ফাতেমা টাওয়ার, ৪র্থ তলা, রোড নং২, লেইন নং২, জি ব্লক, হালিশহর, জেলা-চট্টগ্রাম।

১৫। ব্যবস্থাপনা পরিচালক, এনার্জি প্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

১৬। ব্যবস্থাপনা পরিচালক, অর্কিড এনার্জি লিমিটেড, মোহাম্মদপুর, দাউদকান্দি, কুমিল্লা।

১৭। ব্যবস্থাপনা পরিচালক, পেট্রো ম্যাক্স এলপিজি লিমিটেড, ৮২২/২, ইয়থ টাওয়ার, রোকেয়া সরণি (৯মতলা), ঢাকা-১২১৬।

১৮। ব্যবস্থাপনা পরিচালক, ইউরো পেট্রোপ্রডাক্টস লিমিটেড, বিজিএমএ ভবন, (১০ম তলা), ব্লক-সি, ঝাউ তলা রোড, দক্ষিণ খুলশি, চট্টগ্রাম।

১৯। চেয়ারম্যান, এসএল কর্ণফুলী এলপি গ্যাস লিমিটেড, শিকলবাহা, থানা-কর্ণফুলী, জেলা- চট্টগ্রাম।

২০। ব্যবস্থাপনা পরিচালক, বেঙ্গল এলপিজি লিমিটেড, ৭৫, গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২।

২১। ব্যবস্থাপনা অংশীদার, হাজী নজির আহমেদ এলপিগ্যাস, ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক, নতুনমুহুরীগঞ্জ, ছাগলনাইয়া, ফেনী।

২২। এইচ.এম.রহমান এলপিজি গ্যাস প্ল্যান্ট, প্রো: মো: রাজিউলইমাম, ফেনী-নোয়াখালী সড়ক, জয়লস্কর, সিলোনিয়া, ফেনী।

২৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রোমিতা অয়েল এন্ড গ্যাস লিমিটেড, প্লট নং৩১, ব্লক -জে, রোডনং ১৮, বনানী, আ/এলাকা, ঢাকা।

২৪। ব্যবস্থাপনা পরিচালক, ডেল্টা এলপিজি লিমিটেড, টিকেভবন (৫ম তলা), ১৩, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

২৫। ব্যবস্থাপনা পরিচালক, জেএমআই ইন্ডাস্ট্রিয়াল গ্যাস লিমিটেড, ৭/এ, শান্তিবাগ, ঢাকা ১২১৭।

২৬। পেট্রোলিয়াম প্রোডাক্টস লিমিটেড বাড়ী নং -৩ (৫ম তলা) রোড নং ৭, বন্টক-এফ বনানী, ঢাকা-১২১৩

২৭। ব্যবস্থাপনা পরিচালক, বেক্সিমকো এলপিজি ইউনিট-১ লিমিটেড স্যাম টাওয়ার, লেভেল-১১, প্লট-৪ রোডনং ২২, গুলশান-১ ঢাকা-১২১২।

২৮। পরিচালক, ইউনিটেক্স এলপি গ্যাস লিমিটেড, অফিস: সি এন্ড এফ টাওয়ার (৭ম তলা) শেখ মুজিব রোড, আগ্রাবাদ, বা/এ চট্টগ্রাম।

২৯। মেঘনা ফ্রেশ এলপিজি লিঃ.ফ্রেশ ভিলা, হাউজ ১৫, রোড ৩৪, গুলশান-১, ঢাকা-১২১২।

৩০। ব্যবস্থাপনা পরিচালক, ইউনাইটেড আই গ্যাস এলপিজি লিমিটেড, ইউনাইটেড হাউজ, মাদানি এভিনিউ, ইউনাইটেড সিটি, ঢাকা-১২১২।

৩১। ব্যবস্থাপনা পরিচালক, দুবাই বাংলা এলপিগ্যাস লিমিটেড, প্লট নং আই-১৯(বি), মোলা বন্দর শিল্প এলাকা, মোংলা, বাগেরহাট

৩২। উর্ধ্বতন নির্বাহী পরিচালক, মেসার্স বসুন্ধরা এলপি গ্যাস লিমিটেড, বসুন্ধরা সিটি টাওয়ার, ১৩/ক/১, পান্থপথ, কাওরান বাজার ঢাকা।

CamScanner

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Web site: www.explosives.gov.bd
e-mail: dhaka@explosives.gov.bd

স্মারক নম্বর: ১০১-২(ঙ)-০৩৯৬ / ৩১১৬ তারিখ: ০৫/০৫/২০২৫

বিষয়: ঢাকা জেলার কেরাণীগঞ্জ থানাধীন বোয়ালী মৌজায় অননুমোদিতভাবে স্থাপিত 'কেরাণীগঞ্জ স্যাটেলাইট এলপিজি বটলিং প্ল্যান্ট' এর লাইসেন্স মঞ্জুর প্রসঙ্গে।

সূত্র: 'কেরাণীগঞ্জ স্যাটেলাইট এলপিজি বটলিং প্ল্যান্ট'কর্তৃক ১৯/০৯/২০২৪ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রিত পত্রের প্রেক্ষিতে 'কেরাণীগঞ্জ স্যাটেলাইট এলপিজি বটলিং প্ল্যান্ট' নামীয় প্রস্তাবিত স্যাটেলাইট এলপিজি বটলিং প্ল্যান্ট প্রাঙ্গণটি দুইজন সহকারী বিস্ফোরক পরিদর্শক কর্তৃক ১৯/০৩/২০২৫ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনে নিম্নরূপ ত্রুটি পরিলক্ষিত হয়:

ক) বিস্ফোরক পরিদপ্তরের অনুমোদন ব্যতীত ৫০,০০০ লিটারের ০২ টি গ্যাসাধার ভূ-উপরোস্থভাবে স্থাপন করেছেন।

খ) এলপিজি বিধিমালা, ২০০৪ এর বিধি ৭৯ অনুসারে ৫০,০০০ লিটারের ভূ-উপরোস্থ গ্যাসাধারের জন্য চারিদিকে ২৫ মিটার (৮২ ফুট) নিরাপদ দূরত্ব রাখার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু আলোচ্য প্ল্যান্টে স্থাপিত গ্যাসাধারের ৩ দিকে নিরাপদ দূরত্ব নেই। স্থাপিত ট্যাংক হতে পূর্ব দিকে ২২ ফুট দূরে এলপিজি পাম্প রুম এবং পশ্চিম দিকে ১৫ ফুট দূরে বাউন্ডারী দেওয়াল রয়েছে। ট্যাংকের উত্তর দিকে ১০ ফুট দূরে সাব-স্টেশন এবং অফিস কক্ষ নির্মাণ করা হয়েছে।

গ) তাছাড়া, এলপিজি বটলিং প্ল্যান্ট স্থাপন নীতিমালা, ২০১৬ অনুসারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমোদনের কপি এবং জেলা প্রশাসকের অনাপত্তি পত্র দাখিল করা হয়নি।

০২। এমতাবস্থায়, এলপিজি বিধিমালা, ২০০৪ এর বিধি ১১১(৬) অনুসারে বিস্ফোরক পরিদপ্তরের নকশা অনুমোদন ব্যতীত বটলিং প্ল্যান্ট স্থাপন এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমোদন ও জেলা প্রশাসকের অনাপত্তি পত্র ব্যতীরেকে এলপিজি স্যাটেলাইট এলপিজি বটলিং প্ল্যান্ট স্থাপন করায় কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না, এ পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তার কারণ দর্শাতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে বটলিং প্ল্যান্টে স্থাপিত গ্যাসাধার দুটি কোন উৎস হতে সংগ্রহ করা হয়েছে সে সংক্রান্ত সকল ডকুমেন্টস দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মুহাম্মদ মেহেদী ইসলাম খান)
সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা
ফোন: ৮৩৯২৫৯২

কেরাণীগঞ্জ স্যাটেলাইট এলপিজি বটলিং প্ল্যান্ট
প্রো: টি. মাশফু ববি
বোয়ালী, রাজাবাড়ী, থানা: কেরাণীগঞ্জ, ঢাকা-১৩২০।

স্মারক নম্বর: ১০১-২(ঙ)-০৩৯৬ তারিখ: ০৫/০৫/২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব (অপারেশন-১ অধিশাখা); জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, ঢাকা।
৪। পুলিশ সুপার, ঢাকা।

(মুহাম্মদ মেহেদী ইসলাম খান)
সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Web site: www.explosives.gov.bd
e-mail: dhaka@explosives.gov.bd

স্মারক নম্বর: ১০১-২(ঙ)-০৩৯৬/৩৪৪১ · তারিখ:২৫/০৫/২০২৫ খ্রি.

বিষয়: বিস্ফোরক পরিদপ্তরের লাইসেন্সবিহীন বেআইনীভাবে স্যাটেলাইট প্ল্যান্ট স্থাপন, এলপিজি মজুদ এবং সিলিন্ডারে রিফিলিং এর জন্য আইনগত ব্যবস্থা গ্রহণে প্রসঙ্গে।

সূত্র: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, অপারেশন-২ শাখা এর স্মারক নং ২৮.০০.০০০০.০০০.০২৭.৪৬.০০০২.১৮.৯৬;তারিখি: ১৮/০৫/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলাধীন বোয়ালী মৌজায় 'কেরাণীগঞ্জ স্যাটেলাইট এলপিজি প্ল্যান্ট' নামীয় প্ল্যান্টে লাইসেন্সবিহীন বেআইনীভাবে বিভিন্ন কোম্পানীর এলপিজি সিলিন্ডার রিফিলিং করা হচ্ছে। এ বিষয়ে দৈনিক কালের কন্ঠ পত্রিকায় একটি প্রতিবেদন প্রকাশিত হয়। উক্ত প্রতিবেদনের প্রেক্ষিতে লাইসেন্সবিহীন অবৈধ প্ল্যান্টটি বন্ধকরণের নিমিত্তে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয় হতে পত্র প্রেরণ করা হয় **(কপি সংযুক্ত)**।

২। ইতোপূর্বে বিস্ফোরক পরিদপ্তর হতে অননুমোদিত এলপিজি বটলিং প্ল্যান্টটি পরিদর্শন করা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বিস্ফোরক পরিদপ্তর এর অনুমোদন ব্যতীত এলপিজি বটলিং প্ল্যান্ট চালু করায় প্রতিষ্ঠানটিকে কারণ দর্শাতে বলা হয়েছে। এখন পর্যন্ত প্রতিষ্ঠানটি জবাব দাখিল করেনি **(কপি সংযুক্ত)**।

৩। উল্লেখ্য,অবৈধ স্যাটেলাইট প্ল্যানট স্থাপন, এলপিজি মজুদ এবং বিভিন্ন কোম্পানী সিলিন্ডারে এলপিজি রিফিলিং এবং বিক্রয় পরিলক্ষিত হলে এলপিজি বিধিমালা, ২০০৪ এর বিধি ১২৪ এ এরূপ বেআইনী ও বিপজ্জনক কার্যক্রম বন্ধ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে ক্ষমতা প্রদান করা হয়েছে **(কপি সংযুক্ত)**।

৪। এমতাবস্থায়, উক্ত অবৈধ স্যাটেলাইট প্ল্যান্টে এলপিজি মজুদ এবং বিভিন্ন কোম্পানীর সিলিন্ডারে এলপিজি রিফিলং এবং বিক্রয় পরিলক্ষিত হলে প্ল্যান্টটি বন্ধ করণের নিমিত্তে আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংলগ্নি: ০৫(পাঁচ) পাতা

স্বা: -
(মুহাম্মদ মেহেদী ইসলাম খান)
সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা
ফোন: ২২২২২৫২৫৮

১। জেলা প্রশাসক, ঢাকা।
২। পুলিশ সুপার, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কেরাণীগঞ্জ উপজেলা। এলপিজি বিধিমালা, ২০০৪ এর বিধি ১২৪ ও ১২৫ অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেরাণীগঞ্জ থানা, ঢাকা। (এলপিজি বিধিমালা, ২০০৪ এর বিধি ১২৪ ও ১২৫ অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্মারক নম্বর: ১০১-২(ঙ)-০৩৯৬ তারিখ: /০৫/২০২৫ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত:
১। যুগ্মসচিব (অপারেশন-১ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৫।৫।২৫
(মুহাম্মদ মেহেদী ইসলাম খান)
সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা